নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৮৩ ১৯ জুন ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের মতবিনিময় সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ১৯তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন, রিসার্চ ফেয়ার ও একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৫ উপলক্ষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১৯ জুন ২০২৫) নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবিতে আগামী ২২ জুন বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম চালু হয় এই দিনে। মূলত এই দিবস উপলক্ষে আপনাদেরকে আনুষ্ঠানিকভাবে দাওয়াত দেওয়ার জন্যই এই সভা। আমাদের এবারের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ২০ বছরের ইতিহাসে প্রথমবারের মতো রিসার্চ ফেয়ার অনুষ্ঠিত হবে।  এতে নোবিপ্রবির ৩৩টি বিভাগের স্টল স্থান পাবে। যাতে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকটি বিভাগ এবং ইনস্টিটিউট তাদের গবেষণা, কার্যক্রম এবং বিশেষত্ব তুলে ধরবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা ও গবেষণায় উৎসাহিত করার জন্য প্রথমবারের মতো ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হবে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ে সর্বশেষ পাঁচ বছরে শিক্ষকদের গবেষণা কার্যক্রমের উপর ভিত্তি করে শিক্ষকদেরকে বেস্ট রিসার্চার অ্যাওয়ার্ড প্রদান করা হবে। পাশাপাশি শিক্ষা ও গবেষণায় যারা আরো বেশী ভালো অবদান রেখেছেন তাদেরকে প্রথমবারের মতো ভাইস চ্যান্সেলর'স অ্যাওয়ার্ড এবং নারী শিক্ষকদের গবেষণা কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ উইমেন্স অ্যাওয়ার্ড প্রদান করা হবে। উক্ত অনুষ্ঠানে আপনাদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি এবং এক্ষেত্রে আপনাদের মূল্যবান মতামত ও পরামর্শ আশা করছি।

এসময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে উপাচার্য আরও বলেন, নোবিপ্রবি ১৯ পেরিয়ে ২০ বছরে পদার্পণের এই ক্ষণে বিশ্ববিদ্যালয়ের অধীনে স্কুল, কলেজ, টিএসসি, ক্যাফেটেরিয়াসহ, শিক্ষার্থীবান্ধব যা যা স্থাপন করা প্রয়োজন তার সবই করার উদ্যোগ গ্রহণ করা হবে। পরে সাংবাদিকরা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন ও প্রথমবারের মতো রিসার্চ ফেয়ার এবং একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদানের উদ্যোগ গ্রহণ করার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. গাজী মো. মহসিনের সঞ্চালনায় মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম এবং ছাত্রপরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মোঃ শিবলুর রহমান। এসময় নোবিপ্রবি ও নোয়াখালীর সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ২২ জুন ২০২৫ বর্ণাঢ্য শোভাযাত্রা ও কেক কাটার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি শুরু হবে। এ উপলক্ষে ২৩ জুন ২০২৫ আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার।

R. Kaiser

রায়হান কায়সার হাসেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর